



**পুরুষ ও মহিলা বিভাগে চ্যাম্পিয়নশিপের খেতাব অর্জনের পর ব্লাড মাউথ ক্লাবের প্রতিক্রিয়া :-**

ব্লাড মাউথ ক্লাবের ইতিহাসে প্রথমবার এবছরের সুপার ডিভিশনে চ্যাম্পিয়নশিপের খেতাব অর্জন করেছে। গত পয়লা জানুয়ারি জেসিসির সাথে জয়লাভের পরই ব্লাড মাউথ ক্লাবের চ্যাম্পিয়ন হওয়া শুধুমাত্র ছিল সময়ের অপেক্ষা। কারণ নেট রান রেটে (NRR) আগের ম্যাচেই আমরা এতখানি এগিয়ে গিয়েছিলাম আমাদের কে স্পর্শ করা প্রায় অসম্ভব ছিল। হলোও তাই। সংহতির সাথে আজকের খেলায় ১১ বল বাকি থাকতেই খারাপ আলোর জন্য আম্পায়ার খেলা বন্ধ করে দেয়। তখনও ব্লাড মাউথ ক্লাবের আনন্দ ভৌমিক ৯০ রান করে ক্রিকেটিকে ছিল।

হাতেও ছিল দুই উইকেট। স্লগ ওভারে ১১ বলে ১১ রান তোলা পেশাদার ক্রিকেট দলের কাছে অতি সহজ কাজ। কিন্তু খারাপ আলোর কারণে খেলা বন্ধ করে দেওয়ায় ওই ১১ বল আগে সংহতি ক্লাব যত রান করেছিল তার চাইতে আমাদের এক রান কম ছিলো। অর্থাৎ ক্রিকেটীয় ভাষায় DLS (Duckworth-Lewis-Stern) পদ্ধতিতে এক রানে আমরা হেরে যাই। আজকের খেলার ফলাফলের পর লীগের পয়েন্ট টেবিলে ব্লাড মাউথ ও সংহতি ক্লাব উভয়ের পয়েন্ট ২৮ এ গিয়ে দাঁড়ালেও NRR এ ব্লাড মাউথ ক্লাবের ধারে কাছে ছিল না সংহতি। কোথায় ব্লাড মাউথের NRR ২.৯৬১, আর সংহতির NRR ০.৭৪৯ মাত্র। পূর্ব প্রত্যাশা মতই আজকের পুরুষ বিভাগের সুপার ডিভিশনের শেষ খেলার পর চ্যাম্পিয়নশিপের খেতাব অর্জন করে ব্লাড মাউথ ক্লাব।

ত্রিপুরা ক্রিকেট অ্যাসোসিয়েশনের ইতিহাসে একই বছরে একসাথে পুরুষ বিভাগ ও মহিলা বিভাগের মূল পর্বের খেলায় একই ক্লাবের চ্যাম্পিয়নশিপের খেতাব অর্জন এই প্রথম।

প্রসঙ্গত উল্লেখযোগ্য ২০ বছর পর গত বছর সুপার ডিভিশনে উঠেই ক্রিকেট জীবনে প্রথমবার সুপার ডিভিশনে চ্যাম্পিয়নশিপের খেতাব অর্জন করল ব্লাড মাউথ। পাশাপাশি গত বছর মহিলা ক্রিকেটে অংশগ্রহণ করে এ বছরই ব্লাড মাউথ ক্লাব Unbeaten চ্যাম্পিয়ন হলো।

মহিলা ক্রিকেটের মূল টুর্নামেন্টে চ্যাম্পিয়নশিপের খেতাব অর্জনের পর পুরুষ বিভাগের সুপার লিগে চ্যাম্পিয়ন হওয়ায় ব্লাড মাউথ ক্লাব আবারো ইতিহাস স্থাপন করেছে। এবার লক্ষ্য মহিলা ও পুরুষ বিভাগে টি-টোয়েন্টি প্রতিযোগিতায় খেতাব অর্জন!

অবশ্যই এই পর্যায়ে ব্লাড মাউথ ক্লাবের দ্বৈত চ্যাম্পিয়নশিপের খেতাব জয়ের কৃতিত্ব ক্লাবের সকল প্লেয়ার, কোচ, সকল ক্লাব সদস্য, ক্লাবের আজীবন সদস্য ও এলাকাবাসীদের উৎসর্গ করেছে ব্লাড মাউথ ক্লাবের কার্যকরী কমিটি।

ধন্যবাদান্তে  
ব্লাড মাউথ ক্লাব  
কার্যকরী কমিটির পক্ষে  
সেবক ভট্টাচার্য  
সম্পাদক